



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,  
ময়মনসিংহ বিভাগ  
২৪, আকুয়া মাদ্রাসা কোয়ার্টার, ফুলবাড়ীয়া রোড, ময়মনসিংহ।  
[www.food.mymensinghdiv.gov.bd](http://www.food.mymensinghdiv.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫২.০০১.২৩.২৫৪

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক এ বিভাগের সকল স্থাপনাসমূহে খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও (তিন) কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১৫-০৫-২০২৩  
আবু নঈম মোহাম্মদ সফিউল আলম  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
০২৯৯৭৭১০২৯২

[rcf.myn@dgfood.gov.bd](mailto:rcf.myn@dgfood.gov.bd)

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ;
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নেত্রকোনা;
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জামালপুর এবং
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫২.০০১.২৩.২৫৪/১ (১)

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

- ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



১৫-০৫-২০২৩  
আবু নঈম মোহাম্মদ সফিউল আলম  
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



জরুরি

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০২.২২.১৪৮

তারিখ: ১ আষাঢ়, ১৪২৯

১৫ জুন ২০২২

বিষয়: খাদ্য অধিদপ্তরের খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয় এর সরবরাহ-২ শাখার পত্রের স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৭.১৮.০০১.১৭.১১৯, তারিখঃ ০১ জুন ২০২২

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, "খাদ্য অধিদপ্তরের খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ নির্দেশিকা ২০২২" খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে (খাদ্য অধিদপ্তরের খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ নির্দেশিকা ২০২২)। খাদ্য মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ঢাকা জেলার ৬ (ছয়) টি এলএসডিতে (সাভার এলএসডি, সাভার; ধামরাই এলএসডি, ধামরাই; কলাকোপা এলএসডি, নবাবগঞ্জ; নারিশা এলএসডি, দোহার; কোনাখোলা এলএসডি, কেরানীগঞ্জ; কলতাবাজার এলএসডি, কেরানীগঞ্জ) সিসি ক্যামেরা স্থাপনপূর্বক নিরাপত্তা বৃদ্ধি ও এলএসডি পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিত সিসি ক্যামেরা ভিত্তিক মনিটরিং পদ্ধতি প্রবর্তন বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত নির্দেশিকা অনুযায়ী খাদ্য অধিদপ্তরাধীন স্থাপনাসমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণসহ উল্লিখিত ০৬টি স্থাপনায় নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি (প্রমাণকসহ) মন্ত্রণালয়ে প্রেরণের জন্যে অনুরোধ করা হয়।

এমতাবস্থায়, উক্ত নির্দেশিকা অনুযায়ী উল্লিখিত ০৬টি স্থাপনায় কার্যক্রম বাস্তবায়ন ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রমাণকসহ) আগামী ২৪ জুন, ২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকাকে অনুরোধ করা হইল। এছাড়াও খাদ্য অধিদপ্তরাধীন সকল স্থাপনাসমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের জন্য সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণকে অনুরোধ করা হলো।

১৫-৬-২০২২

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: sys@dgfood.gov.bd

বিতরণ :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.৩১.০০২.২২.১৪৮/১(৩)

তারিখ: ১ আষাঢ়, ১৪২৯  
১৫ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর
- ২) প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, খাদ্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৫-৬-২০২২

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
সরবরাহ-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)

## খাদ্য অধিদপ্তরের খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ নির্দেশিকা ২০২২

খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অধিদপ্তর কর্তৃক সারাদেশের খাদ্য সংরক্ষণাগারসহ অন্যান্য স্থাপনা ও মজুদ খাদ্য শস্যের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে সিসি ক্যামেরা স্থাপন করা হচ্ছে। খাদ্য ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং কার্যকর ও জোরদারকরণের লক্ষ্যে স্থাপিত ক্যামেরাসমূহের রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণের জন্য একটি সুনির্দিষ্ট নির্দেশনা থাকা প্রয়োজন। সে লক্ষ্যে খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ কার্যক্রম সমন্বয় করার জন্য নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হলো, যা “খাদ্য অধিদপ্তরের খাদ্য সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনায় সিসি ক্যামেরা স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণ নির্দেশিকা ২০২২” নামে অভিহিত হবে।

### ১। সিসি ক্যামেরা স্থাপনে লক্ষণীয় বিষয়সমূহ:-

- ১.১. ক্যামেরা স্থাপনকারী প্রতিষ্ঠান কর্তৃক সকল সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণকে মোবাইল/ল্যাপটপ/ডেস্কটপ কম্পিউটারে ইন্সটল করার জন্য আইপি ক্যামেরা মনিটরিং এর উপযুক্ত অ্যাপ/লিংক নির্দেশিকাসহ সরবরাহ নিশ্চিত করণ।
- ১.২. সংরক্ষণাগারের প্রতিটি প্রবেশদ্বার (এক বা একাধিক) লক্ষ্য করে ক্যামেরা স্থাপন।
- ১.৩. প্রতিটি গোড়াউনের প্রতিটি দরজা ও লোডিং-আনলোডিং ডক লক্ষ্য করে ক্যামেরা স্থাপন।
- ১.৪. প্রতিটি গোড়াউনের ওয়েব্রিজসহ ওজন পরিমাপের স্থানে ক্যামেরা স্থাপন ও ওয়েব্রিজ স্কেল এ পূর্ব হতে কোন সিসি ক্যামেরা সংযুক্ত থাকলে তা একই সিস্টেম এর সাথে সংযুক্ত করণ।
- ১.৫. সিসি ক্যামেরার রেকডিং ডিভাইস সুরক্ষিত স্থানে স্থাপন করা; প্রয়োজনবোধে NVR (network video recorder) এর নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সিসি ক্যামেরার আওতায় রাখা।
- ১.৬. ক্যামেরাসমূহ দূরবর্তীভাবে পর্যবেক্ষণযোগ্য আইপি ক্যামেরা ও নাইট ভিশন এইচডি ক্যামেরা হতে হবে।
- ১.৭. কমপক্ষে সর্বশেষ ৩০ দিনের ধারণকৃত ভিডিও সংরক্ষণ এর ব্যবস্থা থাকতে হবে।
- ১.৮. প্রয়োজনীয় ব্যান্ডউইথ এর ইন্টারনেট কানেকটিভিটি স্থাপন করা যাতে করে দূরবর্তী অবস্থান হতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ কর্তৃক মোবাইলের মাধ্যমে এবং কেন্দ্রীয়ভাবে ক্যামেরাসমূহ পর্যবেক্ষণ করা যায়।
- ১.৯. প্রয়োজনবোধে সংরক্ষণাগারের চতুর্পার্শ্বে নিরাপত্তা প্রাচীর সংলগ্ন স্থানে ক্যামেরা স্থাপন।

১.১০. সংরক্ষণাগারের অফিস ভবনের সামনে ১টি ক্যামেরা স্থাপন।

১.১১. ক্যামেরার মাধ্যমে ধারণকৃত দৃশ্য মনিটরিং এর জন্য স্থাপিত ক্যামেরার সংখ্যার ভিত্তিতে কমপক্ষে ৩২" ইঞ্চি সাইজের এক বা একাধিক ডিসপ্লে স্থাপন।

## ২। সিসি ক্যামেরা রক্ষণাবেক্ষণ বিষয়ে করণীয়:-

২.১. স্থাপিত সিসি ক্যামেরা রক্ষণাবেক্ষণের জন্য নির্ধারিত ছকে একটি লগ বই প্রত্যেক সংরক্ষণাগারে সংরক্ষণ করা যা কমপক্ষে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ দ্বারা প্রত্যায়নকৃত হবে।

২.২ কোন ক্যামেরা অকেজো বা ছবি দেখা না গেলে সংরক্ষণাগারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উদ্ধৃত সমস্যা সনাক্ত করার সময় ও তারিখ উল্লেখপূর্বক লগ বইয়ে লিপিবদ্ধ করে স্বাক্ষর করণ।

২.৩ উপর্যুক্ত উদ্ধৃত সমস্যা সমাধানে ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট উপজেলা ও জেলা খাদ্য নিয়ন্ত্রক এবং সংশ্লিষ্ট রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠানকে দ্রুত পত্র মারফত/ই-মেইলে অবহিত করা এবং সেইসাথে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষকেও অবহিত ও প্রেরিত পত্র/ই-মেইলের প্রিন্ট কপি সংরক্ষণ।

২.৪. ক্যামেরা স্থাপনকারী প্রতিষ্ঠান বা রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠান কর্তৃক পত্র/ই-মেইল প্রাপ্তির ৭২ ঘণ্টার মধ্যে (যৌক্তিক কারণ ছাড়া) ক্যামেরা বা সিস্টেমের যে কোন ধরনের সমস্যা দূর করে সচল করণ। সৃষ্ট সমস্যার কারণসহ বিবরণ এবং সমাধানকল্পে গৃহীত ব্যবস্থাসহ ফলাফল সম্পর্কিত প্রতিবেদন রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠানের সাপোর্ট প্রকৌশলী/টেকনিশিয়ান কর্তৃক সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল করণ।

২.৫. অকেজো বা সমস্যাপূর্ণ ক্যামেরা মেরামত বা সমস্যাসমূহ দূরীকরণের সময় ও তারিখ উল্লেখপূর্বক রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠানের সাপোর্ট প্রকৌশলী/টেকনিশিয়ান কর্তৃক একই লগ বইয়ে লিপিবদ্ধ করে স্বাক্ষর করণ।

২.৬. সংরক্ষণাগার ও অন্যান্য স্থাপনা প্রধান কর্তৃক সকল ক্যামেরার রেকর্ডিং পরীক্ষা করে সচল রয়েছে কি'না সে বিষয়ে প্রতি ১৫ দিন অন্তর নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বরাবর প্রতিবেদন দাখিল এবং লগ বইয়ে লিপিবদ্ধকরে স্বাক্ষর করণ।

২.৭. নিয়ন্ত্রণকারী কর্মকর্তা উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর উক্ত প্রতিবেদন প্রেরণ যা অধিদপ্তরের কেন্দ্রীয় মনিটরিং সেলে সংরক্ষিত হবে।

## ৩। সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ পর্যবেক্ষণ বিষয়ে করণীয়:-

৩.১. সিসি ক্যামেরার ফুটেজ পরীক্ষার জন্য সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে একই ধরনের পৃথক পৃথক লগ বই সংরক্ষণ করণ।

৩.২. সকল সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণকে মোবাইল/ল্যাপটপ/ডেস্কটপএ ইন্সটল করার জন্য আইপি ক্যামেরা মনিটরিং এর উপযুক্ত অ্যাপ নির্দেশিকাসহ ক্যামেরা স্থাপন কারী প্রতিষ্ঠানের নিকট থেকে গ্রহণ করবেন।



৩.৩. সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্বয়ং বা উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় কালের মনিটরিং মোবাইল অ্যাপের বা অন্যকোন মাধ্যমে ক্যামেরার চলমান ভিডিও রেকডিং পর্যবেক্ষণপূর্বক ক্যামেরার পজিশন বা ক্যামেরার নম্বর অনুযায়ী সময় ও তারিখ উল্লেখপূর্বক নিজ দপ্তরে রক্ষিত লগ বইয়ে পর্যবেক্ষণ লিপিবদ্ধ করবেন।

৩.৪. পর্যবেক্ষণকালে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক বা জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সংরক্ষণাগার পরিদর্শনকালীন লগবই পরীক্ষা করণ এবং একই সাথে একাধিক ক্যামেরার নির্দিষ্ট সময়ের ভিডিও রেকডিং পর্যবেক্ষণপূর্বক ক্যামেরার পজিশন বা ক্যামেরার নম্বর অনুযায়ী সময় ও তারিখ উল্লেখপূর্বক গোডাউনের লগ বইয়ে পর্যবেক্ষণ মন্তব্য লিপিবদ্ধ করণ।

৩.৫. খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক যে কোন সংরক্ষণাগার পরিদর্শনে লগবই পরীক্ষা করণ। এক বা একাধিক ক্যামেরার নির্দিষ্ট সময়ের ভিডিও রেকডিং পর্যবেক্ষণপূর্বক ক্যামেরার পজিশন বা ক্যামেরার নম্বর অনুযায়ী সময় ও তারিখ উল্লেখপূর্বক লগ বইয়ে পর্যবেক্ষণ মন্তব্য লিপিবদ্ধ করণ।

৩.৬. আঞ্চলিক ও জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের এ ধরনের পর্যবেক্ষণে অধিক বুকিপূর্ণ সময় ও গুরুত্বপূর্ণ ফোকাস নির্দেশক ক্যামেরা অগ্রাধিকার বিবেচনায় নিয়ে কমপক্ষে ২ টি অনূন্য ৪০ মিনিট এবং অধিদপ্তর ও মন্ত্রণালয় পর্যায়ে কর্মকর্তাগণ কর্তৃক এ ধরনের পর্যবেক্ষণে অনূন্য ১টি ক্যামেরা ও পর্যবেক্ষণ সময় অনূন্য ২০ মিনিট হবে।

### **৪। সিসি ক্যামেরা ফুটেজ প্রমাণক হিসেবে গ্রহণযোগ্যতা:-**

৪.১. সংরক্ষণাগারে নিরাপত্তা সংক্রান্ত কোন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা অবহিত হওয়ার পরের সময় ও তারিখ উল্লেখপূর্বক সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বা জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক লগ বইয়ে লিপিবদ্ধ করণ এবং ঘটনাকালীন সময়ের ভিডিও রেকডিং সংগ্রহ করে সংরক্ষণকরণ।

৪.২. সংরক্ষিত সিসি ক্যামেরা ফুটেজ প্রশাসনিক প্রয়োজনে প্রমাণক হিসেবে ব্যবহার করা যাবে।

### **৫। সিসি ক্যামেরার ভিডিও সংরক্ষণে ডিভাইস সরবরাহ :-**

ক্যামেরা স্থাপনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিটি সংরক্ষণাগারে স্থাপিত ক্যামেরা সংখ্যার ভিত্তিতে উপযুক্ত ধারণক্ষমতার সংরক্ষণ ডিভাইস সরবরাহ করণ যা দালিলিক প্রমাণক হিসাবে ভিডিও রেকডিং সংরক্ষণের জন্য ব্যবহৃত হবে।

### **৬। সিসি ক্যামেরা ব্যবহার ও পর্যবেক্ষণে উপযুক্ত প্রশিক্ষণ প্রদান :-**

সংরক্ষণাগার প্রধান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এবং তদুর্ধ্ব পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাকে সিসি ক্যামেরা, ব্যবস্থাপনা ও পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও ভিডিও রেকডিং সংরক্ষণ এবং মোবাইল অ্যাপ প্যাপটপ/ডেস্কটপে মনিটরিং বিষয়ে ম্যানুয়ালসহ হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করণ।

